



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী কলেজ, রাজশাহী
e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.gov.bd
online news portal: rcbarta.com

স্মারক নম্বর: ৩৭.০২.৮১২২.১০১.২৬.৫৫৬

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে মেধা ও সাধারণ বৃত্তি, বিভিন্ন ধরনের উপবৃত্তি (সংখ্যালঘু সম্প্রদায়, উপজাতীয়, দৃষ্টি প্রতিবন্ধী, প্রতিবন্ধী উপবৃত্তি) এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষায় নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তির তথ্যাদি MIS Software-এ এন্ট্রিকরণ/সংশোধন প্রসঙ্গে

সূত্র: স্মারক নং-৩৭.০২.০০০০.০০০.১০২.৯৯.০০০৫.২৪.৪৯, তারিখ: ১২/০৪/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, রাজশাহী কলেজে অধ্যয়নরত বৃত্তিপ্রাপ্ত যে সকল শিক্ষার্থীর তথ্য MIS Software-এ এন্ট্রি প্রদান করা হয়নি বা ভুল তথ্য এন্ট্রির কারণে ব্যাংক হিসাবে টাকা পায়নি তাদের তথ্য সঠিকভাবে এন্ট্রির লক্ষ্যে আগামী ২৫/০৪/২০২৬ খ্রি. এর মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র কলেজের হিসাব শাখায় জমাদানের জন্য বলা হলো।

প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। ব্যাংক হিসাব নম্বরের প্রমাণপত্র (Bank Statement, Routing no সহ) ফটোকপি;
- ২। শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি;
- ৩। সর্বশেষ পরীক্ষার প্রবেশপত্র এবং নম্বরপত্রের ফটোকপি;
- ৪। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
- ৫। অভিভাবকের জন্মনিবন্ধনের ফটোকপি;
- ৬। বৃত্তির তালিকায় যে পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম আছে তার কপি;

১৩/০৪/২০২৬

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

০২৫৮৮৮৫৫৪৭৫

13.04.26